

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০২৩

আগরতলা, ১ মার্চ, ২০২৪

শিল্পী অমর ঘোষকে নিয়ে প্রকাশিত সংবাদ সঠিক নয়

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল সন্ধ্যায় স্বামী বিবেকানন্দ ময়দানে ৭ম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবের পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। এই অনুষ্ঠানে দেশের খ্যাতনামা গায়ক শান (শান্তনু মুখাজী), সুরভী দেববর্মা ও ত্রিপুরার প্রতিষ্ঠিত সংগীত শিল্পী অন্নেষা সিনহা ও অনুক্ষা সিনহা সহ স্থানীয় সংগীত শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়ে বলেন, এই অনুষ্ঠানকে কেন্দ্র করে আজ বিভিন্ন সংবাদমাধ্যমে (প্রিন্ট মিডিয়া) সংগীত শিল্পী অমর ঘোষ সংক্রান্ত যে সংবাদ প্রকাশ হয়েছে তা সঠিক নয়। শিল্পী অমর ঘোষকে আমন্ত্রণ করে মধ্যে অনুষ্ঠান করার সুযোগ দেওয়া হয়নি এটা সত্য নয়। শিল্পী দপ্তরের লোগো ও অশোকস্তম্ভ বিনা অনুমতিতে ব্যক্তিগতভাবে সামাজিক মাধ্যমে ব্যবহার করেছেন যা প্রতিবাদযোগ্য ও কার্য্যিত নয়।

\*\*\*\*\*